অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/23/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে ক্যাটালান্ট টেকনোলজিস (CATALANT TECHNOLOGIES) রোচেস্টার'স ডাউনটাউন ইনোভেশন জোন (ROCHESTER'S DOWNTOWN INNOVATION ZONE) এ কেন্দ্র খুলছে

উচ্চ-প্রযুক্তি কোম্পানি, সংস্কার করা সিবলেয় বিল্ডিংয়ে ইঞ্জিনিয়ারিং বিভাগের জন্য নেক্সটকর্পস (NextCorps) এ জায়গা লীজ নেবে যা 45টি পর্যন্ত নতুন কর্মসংস্থান তৈরি করবে

"ফিঙ্গার লেকস ফরোয়ার্ড (Finger Lakes Forward)" সম্পূরক বিনিয়োগ - কমিউনিটিসমূহকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতিকে শক্তিশালী করার লক্ষ্যে এই অঞ্চলের সার্বিক কৌশল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে বোস্টন-স্থিত প্রযুক্তি সংস্থা ক্যাটালান্ট টেকনোলজি রোচেস্টার'স ডাউনটাউন ইনোভেশন জোন এ ইঞ্জিনিয়ারিং অপারেশন স্থাপন করছে। সংস্কার করা সিবলে বিল্ডিংয়ে ব্যবসারত নেক্সটকর্পস এর থেকে জায়গা লীজ নিয়ে উদ্ভাবনশীল কোম্পানিটি সাইটে 45টি পর্যন্ত নতুন কর্মসংস্থান তৈরি করার প্রতিশ্রুতি দিয়েছে। এই পদক্ষেপটি কোম্পানিটির সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং টিমকে তার কর্মতৎপর অপারেটিং মডেল সফটওয়্যারের বিকাশের জন্য কোম্পানিটির সম্প্রসারণে সহায়তা করবে। লীজ নেওয়া জায়গায় কোম্পানিটি তার কাজ আরম্ভ করবে 2019 সালের ফেব্রুয়ারি মাসে।

"রোচেস্টার'স ডাউনটাউন ইনোভেশন জোন তথ্য প্রযুক্তি শিল্পের সর্বাধিক প্রতিভাবান কোম্পানিগুলির মধ্যে কয়েকটির স্বভূমি, যা অঞ্চলের অর্থনীতিকে উন্নত করে এবং অঞ্চলটিতে নতুন ব্যবসাগুলিকে আকর্ষণ করে", **গভর্নর কুওমো বলেন।** "ক্যাটালান্ট টেকনোলজিসের মত কোম্পানিগুলির তাদের কার্যকলাপ ফিঙ্গার লেকসে সম্প্রসারণ করার মাধ্যমে, আমরা নতুন, ভালো বেতনের চাকরি তৈরি করতে হহায়তা করছি এবং ফিঙ্গার লেকসের উন্নয়ন অব্যাহত রেখেছি।"

"রোচেস্টার'স ডাউনটাউন ইনোভেশন জোন এর সংযুক্তি এই অঞ্চলে আরও উচ্চ-প্রযুক্তির কোম্পানিকে নিয়ে আসবে এবং নতুন কর্মসংস্থান তৈরি করবে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই বিনিয়োগ ক্যাটালান্ট টেকনোলজিসের ইঞ্জিনিয়ারিং অপারেশনের সম্প্রসারণ ঘটাবে এবং ফিঙ্গার লেকসের অর্থনীতিকে ইন্নত করা অব্যাহত রাখবে।"

ক্যাটালান্টের প্রযুক্তি প্ল্যাটফর্ম এবং প্রোগ্রাম কঠিন কাজুকে দ্রুত সম্পাদন করতে সক্ষম করে তুলবে--ফর্চুন 100 (Fortune 100) এর 30 শতাংশ সহ--যেহেতু তারা একটি কর্মতৎপর অপারেটিং মডেলে রূপান্তরিত হচ্ছে। ক্যাটালান্টের প্লাটফর্ম, ক্যাটালান্টের সুদক্ষ মার্কেটপ্লেসে, কোম্পানিগুলিকে, কর্মচারি, 50,000 এরও বেশি স্বতন্ত্র পরামর্শদাতা, এবং 1,000 বুটিক ফার্ম সহ প্রতিভা অ্যাক্সেস ও কাজে লাগানোর সুযোগ দেবে।

ক্যাটালান্টের কো-ফাউন্ডার, রব বিয়েডারম্যান এবং প্যাট পেটিটি বলেছেন, "আমাদের রোচেস্টার অফিস খোলা ক্যাটালান্টের জন্য একটি বিশাল মাইলস্টোন। একটি বিশ্বমানের ইঞ্জিনিয়ারিং অফিস তৈরি করতে সর্বাধিক ভালো সম্ভাবনাযুক্ত শহর নির্বাচন করার জন্য আমরা দীর্ঘ প্রক্রিয়ার মধ্যে দিয়ে এসেছি, এবং রোচেস্টার কমিউনিটির সাথে অংশীদারীত্ব করতে পারে আমরা অত্যন্ত আনন্দিত। এখন রোচেস্টারে আমাদের উপস্থিতি যত শীঘ্র সম্ভব বাড়ানো এবং শহরের উদ্ভাবনী সংস্কৃতিতে যথাসম্ভব অবদান রাখাই আমাদের মূল লক্ষ্য।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন, "রোচেস্টার'স ডাউনটাউন ইনোভেশন জোন, 21 শতকের কর্মসংস্থান তৈরি করে এবং শহরের কেন্দ্রস্থলে বর্ধনশীল অর্থনৈতিক প্রেরণা তৈরি করে অত্যাধুনিক কোম্পানিগুলির জন্য একটি উচ্চ-প্রযুক্তির বাস্তুতন্ত্র্য তৈরি করছে।"

রোচেস্টারে এই সফল কোম্পানিকে তার ব্যবসা বাড়াতে উৎসাহিত করার জন্য এম্পেয়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতির বিনিময়ে পারফরমেন্স-ভিত্তিক এক্সেলসিওর ট্যাক্স ক্রেডিট প্রোগ্রাম (Excelsior Tax Credit Program) এর মাধ্যমে 900,000 ডলার পর্যন্ত অর্থ সাহায্যের প্রস্তাব দিয়েছে। মনরো কাউন্টি, সিটি অফ রোচেস্টার, এবং গ্রেটার রোচেস্টার এন্টারপ্রাইজও (Greater Rochester Enterprise) প্রকল্পটির জন্য সহায়তা করছে।

রোচেস্টার'স ডাউনটাউন ইনোভেশন জোন এ ক্যাটালান্ট টেকনোলজিসের নিউ ইয়র্ক ইঞ্জিনিয়ারিং অপারেশনগুলি তৈরি করার সিদ্ধান্ত, 2018 সালের ফেব্রুয়ারিতে গভর্নর কুওমোর দ্বারা ঘোষিত সর্বাঙ্গীন "আরওসি দ্যা রিভারওয়ে (ROC the Riverway)" প্রকল্পটির অনুপূরক, এই প্রেরণার উপর নির্মিত। 50 মিলিয়ন ডলারের উদ্যোগ জেনেসি নদীর পার্শ্ববর্তী অঞ্চলের আমূল পরিবর্তন ঘটাবে এবং রোচেস্টারের নদী তীরবর্তী অঞ্চলের সম্ভাবনা উন্মুক্ত করবে। ক্যাটালান্ট টেকনোলজিসের নতুন আবাস নেক্সটকর্পস (NextCorps), সম্প্রতি 10 মিলিয়ন ডলারের লুমিনেট নিউ ইয়র্ক (Luminate NY) উদ্যোগ উদ্ভাবনের দ্বিতীয় পর্যায়ও আয়োজন করছে, যা অপটিকস, ফটোনিকস এবং ইমেজিং প্রযুক্তিগুলির জন্য বিশ্বের বৃহত্তম প্রারম্ভিক অ্যাক্সিলেটর প্রোগ্রাম।

সেনেটর জো রোবাচ বলেছেন, "রোচেস্টার'স ডাউনটাউন ইনোভেশন জোন কর্মসংস্থান তৈরি এবং উন্নত চিন্তাধারার একটি কেন্দ্রস্থল হয়ে উঠেছে। সিটি অফ রোচেস্টার এবং ডাউনটাউন ইনোভেশন জোনের প্রতি ক্যাটালান্ট টেকনোলজিসের প্রতিশ্রুতি একটি সঠিক মেলবন্ধন এবং উদযাপনের কারণ। ক্যাটালান্ট টেকনোলজিসের উন্নয়ন ও তাদের ব্যবসা সম্প্রসারণ এবং আমাদের অঞ্চলে আরও চাকরি নিয়ে আসার জন্য আমি তাদের সাথে কাজ করার জন্য মুখিয়ে থাকব।"

অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন বলেছেন, "আমি রব বিয়েডারম্যান এবং প্যাট পেটিটি এবং ক্যাটালান্ট টেকনোলজিসের টিমকে আমাদের অঞ্চলের প্রতি তাদের প্রতিশ্রুতির জন্য সাধুবাদ জানাই। কোম্পানি এবং গভর্নর কুওমোর আজকের ঘোষণা দেখায় যে রোচেস্টার এলাকার একটি শক্তিশালী, বৈচিত্র্যময়, এবং দক্ষ কর্মীবাহিনী রয়েছে এবং ভবিষ্যৎ কর্মসংস্থান তৈরি করার ক্ষেত্রে অর্থনৈতিক অবস্থানে আছে। আমি ক্যাটালান্ট টেকনোলজিসের উন্নতি এবং রোচেস্টার'স ডাউনটাউন ইনোভেশন জোন ক্যাম্পাসে নতুন কর্মসংস্থান সংযোজনের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করব।"

রোচেস্টার মেয়র লাভলি এ. ওয়ারেন বলেছেন, "ডাউনটাউন ইনোভেশন জোনে ক্যাটালান্ট টেকনোলজিসের সংযোজন একটি সুসংবাদ এবং প্রদর্শন করে যে রোচেস্টারের জ্ঞান প্রতিপালনের জন্য আমরা যে চেষ্টা করছি অর্থনীতি তার লভ্যাংশ প্রদান করছে। আমাদের শহরের উপর ভরসা রাখার জন্য এবং আমাদের কমিউনিটিতে এই বিনিয়োগ করার জন্য আমি ক্যাটালান্ট টিমকে ধন্যবাদ জানাতে চাই। সেইসাথে, ফিঙ্গার লেকস জুড়ে রোচেস্টারে আমাদের নাগরিকদের জন্য এই কর্মসংস্থানগুলি বজায় রাখা ও তার বৃদ্ধি এবং আরও কর্মসংস্থান তৈরি, আরও নিরাপদ, আরও বর্ণময় পরিবেশ এবং আরও শিক্ষামূলক সুযোগ প্রদানের লক্ষ্য পূরণে সহায়তা করার জন্য আমি গভর্নর কুওমো এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের কাছে তাদের কাজের জন্য কৃতজ্ঞ।"

কাউন্টি এক্সিকিউটিভ চেরিল ডিনোলফো বলেছেন, "মনরো কাউন্টিতে আরও কর্মসংস্থান সৃষ্টি করতে উদ্ভাবনমূলক প্রযুক্তিই আসল। আমাদের কমিউনিটিতে পরবর্তী প্রজন্মের প্রযুক্তিগুলি তৈরি করার জন্য কাজ করতে যেহেতু ক্যাটালান্ট টেকনোলজিস, ডাট্টোর মত অন্যান্য কর্মসংস্থান সৃষ্টিকারি কোম্পানিগুলির সাথে যোগদান করেছে, তাই আমরা ক্যাটালান্ট টেকনোলজিসকে স্বাগত জানাতে পেরে গর্বিত।"

গ্রেটার রোচেস্টার ইন্টারপ্রাইজ প্রেসিডেন্ট ও সিইও ম্যাট হার্লবাট বলেছেন, "সমগ্র দেশের অসংখ্য প্রযুক্তির কেন্দ্রস্থল মূল্যায়ন করে, ক্যাটালান্টের পরিচালকমন্ডলি তাদের নতুন সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং টিমের জন্য রোচেস্টার, নিউ ইয়র্ককে বেছে নিয়েছে। আমাদের উন্নয়নশীল সফটওয়্যার সেক্টরকে সহায়তাকারী উপলব্ধ প্রতিভাবানদের দক্ষতা এবং ব্যবসা করার সাশ্রয়ী ব্যয় রোচেস্টারকে অন্যান্য মুখ্য মেট্রো অঞ্চলগুলির তুলনায় একটি প্রতিযোগিতামূলক সুবিধা প্রদান করেছে।"

ক্যাটালান্ট টেকনোলজিস সম্পর্কে আরও তথ্যের জন্য এবং চাকরির সুযোগগুলি দেখতে, এখানে ক্লিক করুন ।

ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর সম্পূরক, এই এলাকায় ব্যাপক অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নের একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। 2012 সাল থেকে স্টেট ইতিমধ্যে পরিকল্পনাটির বুনিয়াদ হিসেবে এই অঞ্চলে ফোটোনিকস, কৃষি ও খাদ্য উৎপাদন, এবং অগ্রসর উৎপাদন সহ মুখ্য শিল্পগুলিতে বিনিয়োগ করার মাধ্যমে 6.1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে। বর্তমানে, মহা মন্দার (Great Recession) পর থেকে বেকারত্ব সবচেয়ে কম হয়েছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলি উন্নতি ও বিনিয়োগ করার জন্য রোচেস্টার, বাটাভিয়া এবং কানানডাইগুয়ার মতো জায়গা বেছে নিচ্ছে।

এখন, এই অঞ্চলটি ডিসেম্বর 2015 তে গভর্নর কুওমো দ্বারা ঘোষিত আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগের মাধ্যমে ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে - এবং এলাকার জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 8,200 এরও নতুন বেশি কর্মসংস্থান তৈরি হবে। আরও তথ্য এখানে রয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন